গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
জীবন বীমা ভবন
১০,দিলকুশা বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৬.২৬- ৫২৫

তারিখ: ৩৪ কার্তিক ১৪৩২ / ১৫ নভেম্বর ২০২৬

আদেশ

জনাব মোঃ মহসিন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে যুব উন্নয়ন অধিদপ্তর, জৈন্তাপুর, সিলেট কার্যালয়ে কর্মরত আছেন। সিলেট জেলাধীন গোয়াইনঘাট উপজেলায় তার কর্মকালীন উক্ত উপজেলায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার অতিরিক্ত দায়িত্ব পালন করেন সাবেক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব মোঃ আজহারুল কবীর (চাকরি হতে অব্যাহতিপ্রাপ্ত)। ন্যাশনাল সার্ভিস কর্মসূচি সংক্রান্ত সোনালী ব্যাংক গোয়াইনঘাট শাখার ম্যানেজার হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী জনাব মোঃ আজহারুল কবীর তৎকালীন সাবেক পরিচালক জনাব মোঃ আবুল হাসান খান-এর নামে ভুয়া পত্র ইস্যু করে ব্যাংক হতে একটি ডিডি'র মাধ্যমে ৩৩,০০৬৬৯/- (তেত্রিশ লক্ষ ছয়শত উনসত্তর) টাকা জকিগঞ্জ উপজেলায় স্থানান্তরপূর্বক আত্মসাৎ করেন। গোয়াইনঘাট উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়ে রক্ষিত বিল রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় গোয়াইনঘাট উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচিভুক্ত ৯৯০ (নয়শত নব্বই) জন সুবিধাভোগীর কল্যাণ অনুদান খাতের ২৪ (চব্বিশ) মাসের স্থলে ২৫ (পঁচিশ) মাসের অর্থাৎ ০১ (এক) মাসের অতিরিক্ত অর্থ বাবদ মোট ৫৯,৪০,০০০/- (উনষাট লক্ষ চল্লিশ হাজার) টাকা উত্তোলনপূর্বক জনাব মোঃ আজহারুল কবীর আত্মসাৎ করেন। গোয়াইনঘাট উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচির আওতায় বিভিন্ন সময়ে ২২১ (দুইশত একুশ) জন সুবিধাভোগী ড্রপআউট হলেও তিনি (মোঃ আজহারুল কবীর) তাদের কল্যাণ অনুদান খাতের ২৪ (চব্বিশ) মাসের টাকা উত্তোলন করে আত্মসাৎ করেন। তিনি সিলেট জেলাধীন গোয়াইনঘাট উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়নে জনাব মোঃ আজহারুল কবীর কর্তৃক সংঘটিত সকল অনিয়মের সাথে প্রত্যক্ষভাবে জনাব মোঃ মহসিন জড়িত ছিলেন। তিনি অসৎ উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে বর্ণিত কার্যক্রম সম্পাদনে সহায়তা করেন। বর্ণিত অভিযোগে অত্র দপ্তরের গত ২৪-০২-২০২৬ খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৬.২৬-১০৭ সংখ্যক স্মারকে জনাব মোঃ মহসিন -এর বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল করেন। জবাবে ব্যক্তিগত শুনানি দিতে আগ্রহ প্রকাশ করায় গত ০২-০৪-২০২৬ খ্রি. তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানিতে তার প্রদত্ত জবাব ও নথি পর্যালোচনায় অভিযোগসমূহ অধিকতর তদন্তের প্রয়োজন হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত নয় মর্মে উল্লেখ করেন। অভিযোগসমূহ প্রমাণের বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য পুনরায় তদন্ত কর্মকর্তার মতামত গ্রহণ করা হলে, তিনি তদন্ত প্রতিবেদনে উল্লেখ করেন যে, সমুদয় অর্থ সাবেক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব মোঃ আজহারুল কবীর (চাকরি হতে অব্যাহতিপ্রাপ্ত) আত্মসাত করেছেন;

যেহেতু, তদন্তে অভিযোগ প্রমাণিত হয়নি এবং জড়িত সমুদয় অর্থ সাবেক উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক আত্মসাত করা হয়েছে বিধায় সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব মো: মহসিন-এর বিরুদ্ধে বিভাগীয় মামলার সূচিত কার্যধারাটি অগ্রসর হওয়ার মতো উপযুক্ত উপাদান বিদ্যমান না থাকায় বিভাগীয় মামলাটি নিষ্পত্তিযোগ্য;

সেহেতু, এক্ষণে যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট জেলাধীন জৈন্তাপুর উপজেলার সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব মোঃ মহসিন-কে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

১৫.১১.২০২৬

(মোঃ মোতাহার হোসেন)
মহাপরিচালক
ফোন : ২২৩৩৮৯৩৮৯

অ:পৃ: দ্র:-২

Shahidul/E/Realse-770

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৭.২৭.০০৬.২৬- ৫২৫

তারিখ: ৩০ কার্তিক ১৪৩২ / ১৫ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক----------(সকল) ,মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
০৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন-৩), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধসহ।
০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, গোয়াইনঘাট / জৈন্তাপুর, সিলেট (বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
০৭। জনাব মোঃ মহসিন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, জৈন্তাপুর, সিলেট ।
০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
১০। অফিস কপি।

১৫.১১.২৬

(শহিদুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশাসন-৪)
যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
ফোন:০২-২২৩৩৮৩০৮২।

ShahidulE/Realse-771